



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩৬.১৮/১৬৫/১৮

তারিখ: ১৮/০২/২০২০ খ্রি:

বিষয় : বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র : স্মারক নং এস.সি.কাউ/রং/৩৪২/১৯ ইং তারিখ : ২৩/১১/১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন মীরবাগ ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আ: কা: মো: জয়নুল আবেদীন সূত্রোক্ত স্মারক মোতাবেক বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন।

আইন শাখার মতামত : রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন মীরবাগ ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আ: কা: মো: জয়নুল আবেদীন ডিসেম্বর-২০০৪ হতে মে-২০১০ পর্যন্ত বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন। কলেজ কর্তৃপক্ষ কর্তৃক জোরপূর্বক তাঁকে পদত্যাগ করায়, এই পদত্যাগ অকার্যকর দাবী করে তিনি কাউনিয়া সহকারী জজ আদালত, রংপুর এ দেওয়ানী মোকদ্দমা নং ০৪/২০০৫ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিগত ৩১/০৮/২০১০ তারিখের আদেশে মাননীয় আদালত বাদীর পদত্যাগ পত্র বে-আইনী ও অকার্যকর ঘোষণা করে এবং তিনি অধ্যক্ষ পদে বহাল আছেন মর্মে ঘোষণা করা হয়। উল্লেখ্য, দেওয়ানী মোকদ্দমায় মহাপরিচালক, মাউশি এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয় কে বিবাদী হিসেবে অর্ন্তভুক্ত করা হয়নি। এমতাবস্থায়, যেহেতু অত্র অধিদপ্তরের কারণে অধ্যক্ষের বেতন-ভাতা বকেয়া হয়নি, কলেজ কর্তৃপক্ষের সাথে অধ্যক্ষের দ্বন্দ্বের কারণে বেতন-ভাতা বকেয়া হয়েছে, সুতরাং জনবল কাঠামোর বিধি-বিধান অনুসারে অধ্যক্ষ কর্তৃক চাহিত বকেয়া বেতন-ভাতা কলেজ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের ফাণ্ড/তহবিল থেকে বহন করবে।

এমতাবস্থায়, আইন শাখার মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcawar
17.2.2020

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

মীরবাগ ডিগ্রি মহাবিদ্যালয়

কাউনিয়া, রংপুর।

বিতরণ :

১। সভাপতি, গভর্নিং বডি, মীরবাগ ডিগ্রি মহাবিদ্যালয়, কাউনিয়া, রংপুর;

২। সংরক্ষণ নথি।